১ এপ্রিল থেকে জাতীয় সড়কের টোল প্লাজায় বাড়ছে ভাড়া

দিল্লি, ৩১ মার্চ: ১ এপ্রিল থেকে জাতীয় সড়কের টোল প্লাজায় ভাড়া বাড়ানো হচ্ছে বলেই জানিয়েছে ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া। ভাড়া বাড়ানো হয়েছে ৫ থেকে ৭ শতাংশ পর্যন্ত। টাইমস অফ ইন্ডিয়াকে দেওয়া একটি সাক্ষাৎকারে ন্যাশনাল হাইওয়ে ২-র প্রজেক্ট ডিরেক্টর মহম্মদ সাফি জানিয়েছেন, সারা দেশ জুড়ে এনএইচএআই-এর অধীনে মোট ৩৭২টি টোল প্লাজা রয়েছে। প্রত্যেক অর্থবর্ষের শুরুতেই ভাড়ার রদবদল করা হয়। হোলসেল প্রাইস ইন্ডেক্সের ভিত্তিতেই এই ভাড়া পরিবর্তন করা হয়। একেক টোল প্লাজার ভাড়া একেক রকম হতেই পারে।

৩১ মার্চ মধ্যরাত থেকেই নতুন নিয়ম কার্যকর হবে। বেশিরভাগ টোল প্লাজাতেই ৫ শতাংশ হারে ভাড়া বৃদ্ধি হয়েছে। মাসিক পাসের (মাসের ৫০টি ট্রিপ) ভাড়াও বাড়ানো হয়েছে। ২ নম্বর জাতীয় সড়ক ধরে যে সব ছোট গাড়ি দিল্লি ও আগ্রার মধ্যে যাতায়াত করে তাদের থেকে ১০ টাকা অতিরিক্ত ভাড়া নেওয়া হবে রবিবার থেকে। তেমনই ২১ নম্বর জাতীয় সড়ক ধরে যে সব গাড়ি আগ্রা ও জয়পুরের মধ্যে যাতায়াত করছে তাদের ১ এপ্রিল থেকে ৬ শতাংশ বেশি টোল ভাড়া দিতে হবে।

আগ্রা ট্রান্সপোর্টার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সভাপতি বীরেন্দ্র গুপ্তা জানিয়েছেন, 'টোল প্লাজার ভাড়া বৃদ্ধি একেবারেই মেনে নেওয়া যায় না। এমনিতেই ই-ওয়ে বিল এবং থার্ড পার্টি প্রিমিয়াম নিয়ে মালবাহী গাড়িগুলিকে সমস্যায় পড়তে হয়। সেই সঙ্গে বেড়েছে ডিজেলের দামও। এই পরিস্থিতিতে টোল প্লাজায় ভাড়া বাড়লে ট্রান্সপোর্টেশন কস্টও বাড়বে। এর প্রভাব পড়বে নিত্যপ্রয়োজনীয় জিনিসের দামেও। তিনি জানান সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে তাঁরা প্রতিবাদ করবেন।

আগ্রা পাবলিক ক্যারিয়ার অ্যাসোসিয়েশনের সভাপতি চরণ সিং জানিয়েছেন, এমনিতেই ২ নম্বর জাতীয় সড়কের অবস্থা খুবই খারাপ। এখনও ৬ লেনের কাজ শেষ হয়নি। উত্তর ভারতের অন্যান্য জাতীয় সড়কেরও একই অবস্থা। তার মধ্যেও ভাড়া বাড়ানো হচ্ছে। সরকারকে এই সিদ্ধান্ত থেকে পিছিয়ে আসতে হবে।

প্রবীণ নাগরিকদের ক্ষেত্রে বিশেষ ছাড়ের সুবিধা স্বেচ্ছায় ত্যাগ করেছেন ১৭ লক্ষ ৬৩ হাজার রেলযাত্রী

দিল্লি, ৩১ মার্চ: এ বছর ২২ ফেব্রুয়ারি, ২০১৮ পর্যন্ত প্রাপ্ত এক তথ্য ও পরিসংখ্যান অনুযায়ী, ৯ লক্ষ ৮ হাজার প্রবীণ নাগরিক রেল ভাড়ায় ১০০ শতাংশ পর্যন্ত ছাড় স্বেচ্ছায় ত্যাগ করেছেন। অন্যদিকে, যাত্রী ভাড়ায় ৫০ শতাংশ পর্যন্ত ছাড়ের সুযোগ স্বেচ্ছায় ছেড়ে দিয়েছেন এ ধরনের প্রবীণ নাগরিকদের সংখ্যা ওই তারিখ পর্যন্ত দাঁড়িয়েছে ৮ লক্ষ ৫৫ হাজার। প্রবীণ নাগরিকরা এই ভাবে রেল ভাড়ায় তাদের জন্য প্রযোজ্য বিশেষ ছাড় স্বেচ্ছায় ত্যাগ করার জন্য ২০১৭-১৮ বছরে ভারতীয় রেলের লাভ হয়েছে ২৮ কোটি ৯৮ লক্ষ টাকা।

আরও জানা গেছে যে, প্রবীণ নাগরিকদের স্বেচ্ছায় ভর্তুকি সহায়তা ছেড়ে দেওয়ার ঘটনা বৃদ্ধি পেয়েছে ৩৫ শতাংশের মতো।

কোম্পানি বিজ্ঞপ্তি

ফর্ম নং আইএনসি ২৬ [ক্ষেত্রীয় রুল ৩০ অফ দি কোম্পানিজ (সংযুক্তকরণ) রুলস, ২০১৪]

রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, কলকাতার পূর্বে এবং ২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ (৪) অফ কোম্পানির আইন ২০১৩ এবং রুল ৩০ (৫)(ক) অফ দি কোম্পানিজ (সংযুক্তিকরণ) রুলস ২০১৪ এবং বিমলব্রাটার প্রাইভেট লিমিটেড, একটি কোম্পানি সংযুক্তিকরণ ১৯৫৬ সালের কোম্পানি আইনানুসারে সংযুক্তকরণ এবং রেজিস্ট্রার্ড অফিস ৭১, বরতলা স্ট্রিট, ২য় তল, কলকাতা, পশ্চিমবঙ্গ।

.....বাদী

এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞাপিত করা হচ্ছে যে ৫ মার্চ, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বর্ধিত সাধারণ সভায় বাদী কোম্পানির সদস্যরা বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী একটি প্রস্তাব পেশ করেছে যাতে কোম্পানি মেমোরেন্ডাম অফ অ্যাসোসিয়েশনের ধারা বদল এনে রেজিস্ট্রার্ড অফিসকে পশ্চিমবঙ্গ রাজ্য থেকে রাজস্থান রাজ্যে স্থানান্তরিত করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং এই মর্মে কোম্পানি আইন ২০১৩ সালের ১৩ ধারা অনুসারে কোম্পানির ল'বোর্ড ইস্টার্ন রিজিয়ন বেঞ্চ কলকাতায় একটি আবেদন ফাইল করা হবে।

যদি কোন ব্যক্তি এই রেজিস্ট্রার্ড অফিস পরিবর্তনের বিষয়ে এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বিনিয়োগকারীদের অভিযোগ ফাইল করার জন্য অথবা কোম্পানির রেজিস্ট্রার্ড অফিসে ডাকযোগে তার অভিযোগের কারণ জানিয়ে এবং একটি প্রতিলিপি পাঠাতে পারেন এফিডেফিট সহ রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, নিজাম প্যালেস ২, এমএসও বিল্ডিং, চতুর্থ তল, ২৩৪/৪, এ জে সি বোস রোড, কলকাতা-৭০০০২০ ঠিকানায় এই বিজ্ঞাপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ দিনের মধ্যে পাঠিয়ে দিতে হবে। রেজিস্ট্রার্ড অফিসের আবেদনের কপি পাঠানোর ঠিকানা রেজিস্ট্রার্ড অফিস ৭১ বরতলা স্ট্রিট, ২য় তল, কলকাতা, পশ্চিমবঙ্গ।

বাদীর পক্ষে
স্বা/-
অতুল শর্মা
(ডিরেক্টর)

তারিখ: ৩১.০৩.২০১৮ DIN: 02739569

কোম্পানি বিজ্ঞপ্তি

ফর্ম নং আইএনসি ২৬ [ক্ষেত্রীয় রুল ৩০ অফ দি কোম্পানিজ (সংযুক্তকরণ) রুলস, ২০১৪]

রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, কলকাতার পূর্বে এবং ২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ (৪) অফ কোম্পানির আইন ২০১৩ এবং রুল ৩০ (৫)(ক) অফ দি কোম্পানিজ (সংযুক্তিকরণ) রুলস ২০১৪ এবং শারিয়াম সায়নফাব ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, একটি কোম্পানি সংযুক্তিকরণ ১৯৫৬ সালের কোম্পানি আইনানুসারে সংযুক্তকরণ এবং রেজিস্ট্রার্ড অফিস কৈলাশ চাঁদ মুন্দ্রা রোড ১৮০, এম. জি. রোড, চতুর্থ তল, কলকাতা, পশ্চিমবঙ্গ।

.....বাদী

এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞাপিত করা হচ্ছে যে ৫ মার্চ, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বর্ধিত সাধারণ সভায় বাদী কোম্পানির সদস্যরা বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী একটি প্রস্তাব পেশ করেছে যাতে কোম্পানি মেমোরেন্ডাম অফ অ্যাসোসিয়েশনের ধারা বদল এনে রেজিস্ট্রার্ড অফিসকে পশ্চিমবঙ্গ রাজ্য থেকে রাজস্থান রাজ্যে স্থানান্তরিত করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং এই মর্মে কোম্পানি আইন ২০১৩ সালের ১৩ ধারা অনুসারে কোম্পানির ল'বোর্ড ইস্টার্ন রিজিয়ন বেঞ্চ কলকাতায় একটি আবেদন ফাইল করা হবে।

যদি কোন ব্যক্তি এই রেজিস্ট্রার্ড অফিস পরিবর্তনের বিষয়ে এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বিনিয়োগকারীদের অভিযোগ ফাইল করার জন্য অথবা কোম্পানির রেজিস্ট্রার্ড অফিসে ডাকযোগে তার অভিযোগের কারণ জানিয়ে এবং একটি প্রতিলিপি পাঠাতে পারেন এফিডেফিট সহ রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, নিজাম প্যালেস ২, এমএসও বিল্ডিং, চতুর্থ তল, ২৩৪/৪, এ জে সি বোস রোড, কলকাতা-৭০০০২০ ঠিকানায় এই বিজ্ঞাপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ দিনের মধ্যে পাঠিয়ে দিতে হবে। রেজিস্ট্রার্ড অফিসের আবেদনের কপি পাঠানোর ঠিকানা রেজিস্ট্রার্ড অফিস কৈলাশ চাঁদ মুন্দ্রা রোড ১৮০, এম. জি. রোড, চতুর্থ তল, কলকাতা, পশ্চিমবঙ্গ।

বাদীর পক্ষে
স্বা/-
মধুসূদন দাগা
(ডিরেক্টর)

তারিখ: ৩১.০৩.২০১৮ DIN: 03092755

NIT NO. 15 OF 2017-18 of EE/MDD

On behalf of the Governor, West Bengal, sealed tenders are invited by the Executive Engineer, Mograhat Drainage Division from the Bonafide Outsiders for 5 Nos. of Maintenance & Repair works in the District of South 24 Parganas. Last date of receiving application = 11.04.2018 upto 2.00 PM. Details may be had from the office of the undersigned on working days during office hours or on web site www.wbiwd.gov.in

Sd/-
Executive Engineer
Mograhat Drainage Division
Jalasampad Bhawan
Salt Lake, Kolkata-91.

আপাতত উঠছে না রান্নার গ্যাসের ভর্তুকি

দিল্লি, ৩১ মার্চ: মধ্যবিত্তদের জন্যে সুখবর। আপাতত রান্নার গ্যাসে উঠছে না ভর্তুকি। ১লা এপ্রিল থেকে রান্নার গ্যাসের উপর ভর্তুকি তুলে দেওয়ার কথা ঘোষণা করেছিল মোদী সরকার। কেবল প্রকৃত গরিবদেরই ভর্তুকিটুকু দেওয়া হবে। কিন্তু নতুন আর্থিক বছর শুরুর আগে তেমন কোনও নির্দেশিকা এসে পৌঁছয়নি তেল সংস্থাগুলির কাছে।

ফলে, আপাতত ভর্তুকি তুলে দিচ্ছে না কেন্দ্রীয় সরকার। রাজনৈতিক মহলের ব্যাখ্যা, ভোটের কথা ভেবেই ভয়ানক এই সিদ্ধান্ত থেকে পিছু হটল সরকার। যাই হোক না কেন কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তে কিছুটা হলেও চিন্তামুক্ত হল সাধারণ মানুষ।

প্রসঙ্গত, গত বছর ৩১ জুলাই কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান সংসদে ঘোষণা করেছিলেন, পরের অর্থবর্ষ, অর্থাৎ ২০১৮-১৯ সালের ১ এপ্রিল থেকে সাধারণ গ্যাস গ্রাহকদের দেওয়া মাসে ১২টি সিলিন্ডারের উপর ভর্তুকি বন্ধ করে দেওয়া হবে। গৃহস্থের ১৪.২ কেজির সিলিন্ডারের উপর ওই নিয়ম কার্যকর হবে।

একইসঙ্গে তিনি জানিয়েছিলেন, জুলাইয়ের গোড়া থেকেই সিলিন্ডার পিছু দু'টাকা করে দাম বাড়ানো শুরু হয়ে গিয়েছে। ভর্তুকিযুক্ত সিলিন্ডারের উপর ওই বর্ধিত দাম কার্যকর হয়েছে। তিনি তেল সংস্থাগুলিকে নির্দেশ দেন, প্রতি মাসে ভর্তুকিযুক্ত সিলিন্ডার পিছু চার টাকা করে দাম বাড়াতে হবে। মার্চ পর্যন্ত এভাবে দাম বাড়ানোর প্রক্রিয়া চলবে।

এরপর এপ্রিলের শুরুতে সিলিন্ডারের যে বাজারদর থাকবে, তা থেকে ভর্তুকিযুক্ত সিলিন্ডারের দামের যে ফারাক হবে, সেটুকু দাম চুকিয়ে দিতে হবে ক্রেতাকে। এরপর আর কোনও সিলিন্ডার ভর্তুকিতে পাবেন না গ্রাহক। তাঁরা বাজার দরে সিলিন্ডার কিনতে পারবেন। তবে এজন্য তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ভর্তুকির কোনও টাকা পাঠানো হবে না। সাধারণ মানুষকে স্বস্তি দিয়ে আপাতত এই সিদ্ধান্ত থেকে পিছু হটল সরকার।

বিজয় মালিয়ার সম্পত্তি সিজ করা শুরু

দিল্লি, ৩১ মার্চ: ঋণ খেলাপের অভিযোগে বিজয় মালিয়ার সম্পত্তি অ্যাটাচ করা শুরু করেছে। এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। ক্রিমিনাল প্রসিডিওর কোডের ৮৩ ধারা অনুযায়ী ঋণ খেলাপের পর পলাতকদের সম্পত্তি অ্যাটাচ করা বাধ্যতামূলক। তাই আইন মেনে অ্যাটাচ করা হচ্ছে তাঁর সম্পত্তি।

এর আগে সমন এড়ানোর অভিযোগে তাঁকে অপরাধী ঘোষণা করে দিল্লির এক আদালত। বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন (ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাক্ট বা এফএইআরএ) লঙ্ঘন মামলায় বাধ্যতামূলক হাজিরা থেকে তাঁকে যে নিষ্কৃতি দেওয়া হয়েছিল ২০১৬ সালে, তা তুলেও নেওয়া হয়।

ইডি-র দায়ের করা মামলা অনুযায়ী, লন্ডনে আয়োজিত ১৯৯৬, ১৯৯৭ ও ১৯৯৮ সালের ফর্মুলা ওয়ান ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে কিংফিশারের লোগো প্রদর্শনের জন্য একটি ব্রিটিশ ফার্ম ও ইউরোপের কয়েকটি দেশকে ২০০,০০০ মার্কিন ডলার দিয়েছিলেন মালিয়া। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (আরবিআই) আগাম অনুমতি না নিয়েই ওই টাকা দেওয়া হয়েছিল। এক্ষেত্রে বিজয় মালিয়া বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন লঙ্ঘন করেছেন বলে দাবি তদন্তকারী সংস্থার।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সেন্টার ফর ডিসেবিলিটি স্টাডিজের এক অনুষ্ঠানে হাজির ছিলেন মহিলা ও শিশুকল্যাণ দফতরের মন্ত্রী শশী পাঁজা ও মিনু ভুদিয়া।

ব্যাঙ্কের ভুয়ো শাখা

উত্তর প্রদেশ, ৩১ মার্চ: জালিয়াতির আরেকটি অবাক করা উদাহরণ। উত্তর প্রদেশের বাল্লিয়া জেলায় কর্নাটক ব্যাঙ্কের আস্ত একটা শাখা খুলে ফেলেছিল এক ব্যক্তি। বাল্লিয়া জেলার মুলায়ম নগরের ওই শাখাটি অবশ্য পুরোটাই ভুয়ো। আফাক আহমেদ নামে ওই ব্যক্তিকেও গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ সূত্রে খবর, নিজেকে পশ্চিম মুম্বইয়ের বাসিন্দা বিনোদ কুমার কাম্বলি বলে পরিচয় দিয়ে ওই ব্যাঙ্কের ম্যানেজার সেজে বসেছিল আফাক। নিজের ভুয়ো আধার এবং অন্যান্য পরিচয়পত্রও জোগাড় করেছিল। স্থানীয় বাসিন্দাদের কাছ থেকে সেভিং অ্যাকাউন্টস এবং ফিক্সড ডেপোজিটের মাধ্যমে ১.৩৭ লক্ষ টাকা হাতিয়েও ফেলেছিল সে। পুরো টাকাটাই অবশ্য উদ্ধার করেছে পুলিশ। এছাড়া ব্যাঙ্কের দরকারি প্রচুর কাগজপত্র, বিভিন্ন ফর্ম, পাস বুক, তিনটি কম্পিউটার, ল্যাপটপ এবং আসবাবপত্র বাজেয়াপ্ত করেছে পুলিশ। বারাণসী পুলিশ কমিশনার হিতেন্দ্র কৃষ্ণ বলেছেন, মুলায়ম নগরের ওই শাখার খবর পেয়ে বারাণসী থেকে কর্নাটক ব্যাঙ্কের অতিরিক্ত জিএম বিবিএইচ উপাধ্যায় তাঁর সহকর্মীদের সঙ্গে নিয়ে তদন্তে যান বৃহস্পতিবার। তারপরই উপাধ্যায় পুলিশে ওই ভুয়ো শাখার নামে অভিযোগ দায়ের করলে আফাককে গ্রেফতার করে পুলিশ। ওই শাখাটি সিল করে দেওয়া হয়েছে।

e-NIT No - WBIW/SE/KC1/NIT-20(e)/2017-18

On behalf of the Governor of W.B. the Superintending Engineer-I, Kangsabati Circle, Bankura invites online e-tender for:-

1. Improvement of Rukni, Jafla, Amjor Minor Irrigation Schemes by lining of Rukni Canal in between Ch.65.00 and 81.00 for a length of 2.40 KM, intake channel of Jafala 1 & 2 reservoir for length of 0.60 KM along with Jafala field Channel-1 in between Ch.0.00 and 67.00 for a length of 2.10 KM and Amjore Canal in between Ch.0.00 and 82.00 for a length of 2.50 KM by resectioning, lining and special repair of 6 No. structures at Amjore, Radhanagar, Kanaipur, Jafala, Ata, Amlatore, Taldangra and Panchmura in Block & P.S Taldangra, District Bankura.
A.P.T.- ₹2,69,52,102.00, Tender ID: 2018_IWD_168295_1
2. Improvement of Nandaranga Minor Irrigation Scheme including restoration of Left Bank Canal and Right Bank Canal lining for a length of 3.278 Km under Block & P.S Hirbundh within District Bankura.
A.P.T.- 2,57,74,026.00, Tender ID: 2018_IWD_168295_2
3. Construction of a Pick-up-weir for water harvesting over river Amodar at village Nadikul, Mouza-Tajpur, G.P.-Sihar, Block and P.S Kotulpur, District Bankura.
A.P.T.- 1,85,16,317.00, Tender ID: 2018_IWD_168295_3

Online Download, Bid submission of Technical & Financial Bids with others documents end Date:- **On 23.04.2018 up to 17.00 hours IST.** Details information, downloading & uploading are available from the website www.wbiwd.gov.in & www.wbtenders.gov.in

Sd/- Superintending Engineer
Kangsabati Circle-I, Bankura.

আমেদাবাদ থেকে মুম্বই এবার মাত্র ২ ঘণ্টায়, রোজ চলবে ৭০ বুলেট ট্রেন

দিল্লি, ৩১ মার্চ: বুলেট ট্রেনের স্টেশন তৈরির জন্য পুরনো ও নতুন সবরমতী স্টেশনের মাঝের জমি অধিগ্রহণের সিদ্ধান্ত নিয়েছে ন্যাশনাল হাইস্পিড রেলওয়ে কর্পোরেশন লিমিটেড। এনএইচআরসি-র আধিকারিকরা জানিয়েছেন, দ্রুত গতির বুলেট ট্রেনে মুম্বইয়ের বান্দ্রা-কুরলা কমপ্লেক্স থেকে সবরমতী পর্যন্ত যেতে সময় লাগবে ২.০৭ ঘণ্টা। আর মধ্যবর্তী ১২টি স্টেশনেই ট্রেন দাঁড়ালে সময় লাগবে ২.৫৮ ঘণ্টা।

ব্যস্ত সময়ে অর্থাৎ সকাল ৭টা থেকে ১০টা ও বিকেল ৫টা থেকে ৯টা পর্যন্ত ২০ মিনিট অন্তর ঘণ্টায় তিনটি ট্রেন চালানো হবে। অন্য সময়ে ঘণ্টায় চলবে দু'টি ট্রেন। আপাতত একটি ট্রেনের ৭৫০ যাত্রী বহনক্ষমতা রয়েছে। পরে এই সংখ্যাই বাড়িয়ে ১,২৫০ করার চিন্তাভাবনা রয়েছে।

এলিভেটেড স্টেশন তৈরির উদ্দেশে কন্টেনার ও লোকোমোটিভ ওয়ার্কশপের জন্য এনএইচআরসি খুব শীঘ্রই টেন্ডার ডাকতে চলেছে। বুলেট ট্রেনের গতিবেগ ঘণ্টায় ৩৫০ কিমি থাকবে বলে জানা গিয়েছে। মুম্বই থেকে আমেদাবাদের দূরত্ব যেতে সাধারণ ট্রেনে সময় লাগে ৭ ঘণ্টা। আর বিমানে এক ঘণ্টা। রোজ দুই শহরের মধ্যে ২০টি ট্রেন চালায় রেল। চলে ৯০টি বিমান।

এনএইচআরসি-র এক আধিকারিক জানিয়েছেন, আমরা রোজ ৩৫ জোড়া বুলেট ট্রেন পরিষেবা দেওয়ার পরিকল্পনা করেছি। অর্থাৎ দিনে চলবে ৭০টি বুলেট ট্রেন।

বদলে যাচ্ছে ফরটিসের মালিকানা?

নিজস্ব সংবাদদাতা: মালিকানা বদল হচ্ছে ফরটিস হাসপাতালের? শিল্প মহলের খবর, ফ্রুটস হেলথকেয়ার লিমিটেড কিনে নিচ্ছে টিপিজি ও মণিপাল হেলথের যৌথ কনসর্টিয়াম। অ্যাপোলোকে টেক্কা দিতে হাত মেলানোর পথে ফরটিস ও মণিপাল খুব শীঘ্রই দেশের দ্বিতীয় বৃহত্তম প্রাইভেট হাসপাতাল অধিগ্রহণের চুক্তির বিষয়ে ঘোষণা করবে ইনভেস্টর গোষ্ঠী টিপিজি। জানা গেছে, ফরটিসের কাজকর্মের দায়িত্ব থাকবে মণিপালের হাতে, পিছন থেকে সাপোর্ট দেবে টিপিজি। ব্যবসা চালাবে দুই সংস্থাই যৌথভাবে। সম্প্রতি ফরটিসের বিরুদ্ধে অভিযোগ ওঠে, বোর্ডের অনুমোদন ছাড়াই হাসপাতালের প্রমোটাররা ৫০০ কোটি টাকা তুলে নিয়েছে। ঘটনার তদন্ত চলছে। হাসপাতালের এক উচ্চপদস্থ কর্তা জানিয়েছেন, মুম্বইয়ে ফরটিসের শেয়ারের দাম একলাফে ২.৯ শতাংশ বেড়ে গিয়েছে।

সুখবর নিয়ে হাজির জিও

দিল্লি, ৩১ মার্চ: ৩১ মার্চ শেষ হওয়ার কথা ছিল মেয়াদ। কিন্তু তার আগেই সুখবর নিয়ে হাজির জিও। বাড়ছে জিও প্রাইম মেম্বারশিপের মেয়াদ। যারা জিও প্রাইম মেম্বারশিপে রয়েছেন, তারা আরও এক বছর পাবেন এই সুবিধা। আর এর জন্য লাগবে না কোনও বাড়তি খরচ।

কিছুদিন ধরে একটা জল্পনা শোনা যাচ্ছিল। ৩১ মার্চ জিও প্রাইম মেম্বারশিপ শেষ হয়ে গেলে আর পাওয়া যাবে না জিওর সুবিধা। জিও জানিয়ে দিল, এমন কিছু হচ্ছে না। ১ এপ্রিল থেকে আরও এক বছর আপনি পাবেন আনলিমিটেড কল এবং ফ্রি ৪জি ডেটা সার্ভিস। সঙ্গে থাকছে ফ্রি এসএমএস-এর সুবিধাও। ঠিক যেমনটা এতদিন পাচ্ছিলেন। জিও-র গ্রাহকদের ফ্রি সার্ভিসের আওতায় রয়েছে জিও অ্যাপের সার্ভিসও। এই অ্যাপে লগ ইন করে জিও গ্রাহকরা অ্যাকসেস করতে পারেন জিওর বিভিন্ন এক্সক্লুসিভ ইভেন্টও। এরজন্য কোনও বাড়তি খরচ লাগে না। লাইভ দেখার সুযোগ ছিল উইন্টার অলিম্পিক বা নিধাস ক্রিকেট ট্রফির মতো স্পোর্টস ইভেন্টও।

জিও অ্যাপে দেখা যায় লাইভ কনসার্টও। জাস্টিন বিবারের কনসার্ট বা ফিল্মফেয়ার ঘরে বসেই লাইভ দেখতে পারবেন জিও অ্যাপে। আগামী বছরেও এসব সুবিধা পেতে কী কী করবেন। ১। ডাউনলোড করুন আমার জিও অ্যাপ ২। অ্যাপের মাধ্যমে জানান যে আপনি ১ এপ্রিল থেকে আগামী ১২ মাসের মেম্বারশিপ চান। অ্যাক্টিভ হয়ে যাবে আরও এক বছরের মেম্বারশিপ ৪। দু'বছরের প্রাইম মেম্বারশিপের সুবিধা পাবেন নতুন গ্রাহকরাও। তবে তাদের দিতে হবে ৯৯ টাকা।

কোম্পানি বিজ্ঞপ্তি

ফর্ম নং আইএনসি ২৬ [ক্ষেত্রীয় রুল ৩০ অফ দি কোম্পানিজ (সংযুক্তকরণ) রুলস, ২০১৪]

রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, কলকাতার পূর্বে এবং ২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ (৪) অফ কোম্পানির আইন ২০১৩ এবং রুল ৩০ (৫)(ক) অফ দি কোম্পানিজ (সংযুক্তিকরণ) রুলস ২০১৪ এবং অমৃতভানি কনক্লেভ প্রাইভেট লিমিটেড, একটি কোম্পানি সংযুক্তিকরণ ১৯৫৬ সালের কোম্পানি আইনানুসারে সংযুক্তকরণ এবং রেজিস্ট্রার্ড অফিস ৩৩, সি. আর. এভিনিউ, কলকাতা, পশ্চিমবঙ্গ।

.....বাদী

এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞাপিত করা হচ্ছে যে ৫ মার্চ, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বর্ধিত সাধারণ সভায় বাদী কোম্পানির সদস্যরা বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী একটি প্রস্তাব পেশ করেছে যাতে কোম্পানি মেমোরেন্ডাম অফ অ্যাসোসিয়েশনের ধারা বদল এনে রেজিস্ট্রার্ড অফিসকে পশ্চিমবঙ্গ রাজ্য থেকে রাজস্থান রাজ্যে স্থানান্তরিত করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং এই মর্মে কোম্পানি আইন ২০১৩ সালের ১৩ ধারা অনুসারে কোম্পানির ল'বোর্ড ইস্টার্ন রিজিয়ন বেঞ্চ কলকাতায় একটি আবেদন ফাইল করা হবে।

যদি কোন ব্যক্তি এই রেজিস্ট্রার্ড অফিস পরিবর্তনের বিষয়ে এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বিনিয়োগকারীদের অভিযোগ ফাইল করার জন্য অথবা কোম্পানির রেজিস্ট্রার্ড অফিসে ডাকযোগে তার অভিযোগের কারণ জানিয়ে এবং একটি প্রতিলিপি পাঠাতে পারেন এফিডেফিট সহ রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, নিজাম প্যালেস ২, এমএসও বিল্ডিং, চতুর্থ তল, ২৩৪/৪, এ জে সি বোস রোড, কলকাতা-৭০০০২০ ঠিকানায় এই বিজ্ঞাপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ দিনের মধ্যে পাঠিয়ে দিতে হবে। রেজিস্ট্রার্ড অফিসের আবেদনের কপি পাঠানোর ঠিকানা রেজিস্ট্রার্ড অফিস রেজিস্ট্রার্ড অফিস ৩৩, সি. আর. এভিনিউ, কলকাতা, পশ্চিমবঙ্গ।

বাদীর পক্ষে
স্বা/-
জগন্নাথ মালি
(ডিরেক্টর)

তারিখ: ৩১.০৩.২০১৮ DIN: 05273940

TENDER INVITING NOTICE
Office of the
RAMPURHAT MUNICIPALITY
RAMPURHAT BIRBHUM

Chairman Rampurhat Municipality as invite e-Tender for Strainthening of Bituminous Road and Development of Gandhi Dighi under JOLDHORO JOLBHORO at Rampurhat Dist Birbhum vide ref memo no.-728/RM/Dev(Pwd) Dated-31/03/2018 WB/UD&MAD/RM/e.NIT-26/RM/2017-18 Details can be had in the official web site of e-tenders https://wbtenders.gov.in.

Sd/- Ashini Tewary
Chairman
Rampurhat Municipality
Rampurhat, Birbhum.

NABADWIP MUNICIPALITY
SHORT TENDER NOTICE

E-Tenders are invited by the Chairman, Nabadwip Municipality, Nabadwip, Nadia
Tender title -WBMAD/ ULB/ NM/ NIT-224e/ 2017-18 to WBMAD/ ULB/NM/NIT-229e/2017-18
Tender ID :- 2018_MAD_168355_1, 2018_MAD_168366_1, 2018_MAD_168396_1, 2018_MAD_168400_1, 2018_MAD_168411_1, 2018_MAD_168417_1,
Bid Submission Start Date :- **02-Apr-2018 10:00 AM**
Bid Submission End Date :-23-Apr-2018 06:00 PM
Bid Opening Date :- 26-Apr-2018 11:00 AM
N.B. :- Any other information may be had on enquiry from the office of Chairman Nabadwip Municipality in any working day of Govt. website http://wbtenders.gov.in, this advertisement is also given http://nabadwipmunicipality.org

Chairman
Nabadwip Municipality.